দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL. 2 8 1999 ...
পৃষ্ঠা ১২ কলাম ৪ ......

14

# পুলিশী অভিযানের প্রতিবাদে চট্টগ্রাম কলেজে শিবিরের তাণ্ডব ॥ ভাংচুর

চট্টগ্রাম ভার্সিটি সংবাদদাতা ॥ একটি হত্যা মামলার আসামীদের ধরতে চট্টগ্রাম কলেজ ক্যাম্পাসে পরিচালিত পুলিশী অভিযানের জের ধরে মৌলবাদী জামায়াত শিবিরচক্র চট্টগ্রাম কলেজ অধ্যক্ষ ও উপাধ্যক্ষের কার্যালয় ভাংচুরসহ অধ্যক্ষের বাসভবনে হামলা চালিয়েছে। সন্ত্রাসীরা অফিসের বেশকিছু গুরুত্বপূর্ণ দলিল ও কাগজপত্র তছনছ করে।

সূত্রমতে, চট্টগ্রামের কমিশনার লিয়াকত হত্যাকারীর কয়েকজন চট্টগ্রাম কলেজ ক্যাম্পাসে অবস্থান করছে খবর

(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## পুলিশী অভিযানের প্রতিবাদে

(১২-এর পাতার পর)

পেয়ে পুলিশ রবিবার দুপুরে অভিযান চালায়। ছাত্রশিবিরের দুর্গ নামে পরিচিত এই কলেজে অভিযানকালে পুলিশ বাধার সম্মুখীন হয়। এই ঘটনার জন্য ছাত্রশিবির কলেজের অধ্যক্ষ অধ্যাপিকা রওশন আরাকে দায়ী করে তার প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ-প্রদর্শন এবং সন্ধ্যায় অধ্যক্ষের বাসভবনে হামলা চালায়। নগরীর কলেজ রোডস্থ দেবপাহার পারসিভি হিলের বাসভবনে সন্ত্রাসীরা ইটপাটকেল নিক্ষেপ করে দরজা-জানালার ব্যাপক ভাংচুর করে। পরে সোমবার ভোররাতে শিবিরের সন্ত্রাসীরা চট্টগ্রাম কলেজের দারোয়ানকে মারধর করার পর তালা ভেঙ্গে প্রবেশ করে অধ্যক্ষ ও উপাধ্যক্ষের অফিসকক্ষে ব্যাপক ভাংচুর করে। এই ঘটনার প্রতিবাদে মঙ্গলবার চট্টগ্রাম কলেজের শিক্ষকরা প্রতিবাদ সভা করে। সভায় ঘটনার জন্য তীব্র নিন্দা জানানো হয়।